225

দৈনিক ইনকিলাব

তারিখ OCT. 11 1999

পৃষ্ঠা ... কলাম ...

## ক্যাম্পাসে রাজনৈতিক কর্মকাণ্ড নিষিদ্ধ ঘোষণার জের

# চট্টগ্রাম ভার্সিটি ভিসির সাথে ছাত্রদল নেতাদের উত্তপ্ত বাক্য বিনিময় ঃ বিক্ষোভ শ্লোগান অবরোধ

**চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ** ক্যাম্পাসে রাজনৈতিক কর্মকাণ্ড তথা সভা সমাবেশের ওপর নিষেধাজ্ঞাকে কেন্দ্র করে গতকাল রবিবার ভাইস চ্যান্সেলরের কার্যালয়ে তুলকালাম কাণ্ড ঘটে গেছে। বিশ্ববিদ্যালয় ছাত্রদলের নবীনবরণ ও সম্মেলন অনুষ্ঠানের প্রতিবাদে বিক্ষুব্ধ জাতীয়তাবাদী ছাত্রদল কর্মীরা গতকাল ভাইস চ্যান্সেলরকে তার কার্যালয়ে প্রায় ৩ ঘন্টা অবরুদ্ধ করে রাখে। কর্তৃপক্ষের নিষেধাজ্ঞা ভঙ্গ করে ছাত্রদল ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল বের করে। এছাড়া শনিবার রাতে ছাত্রী হলেও বিক্ষোভ হয়েছে। উল্লেখ্য, আগামী ১৩ অক্টোবর বুধবার বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে ছাত্রদলের নবীনবরণ ও সম্মেলনে দলের কেন্দ্রীয় নেতৃবৃন্দ আমন্ত্রিত হয়েছেন। বহু কাঠখড় পুড়িয়ে ছাত্রদলের এই সম্মেলন আয়োজন করা হয়েছে। কিন্তু শিবির-ছাত্রলীগের বন্দুক যুদ্ধের জের ধরে ক্যাম্পাসে রাজনৈতিক কর্মকাণ্ডের ওপর নিষেধাজ্ঞা আরোপ হওয়ায় ছাত্রদলের আয়োজন শেষ মুহূর্তে ভেস্তে যাওয়ার উপক্রম হয়েছে। এই অবস্থায় গতকাল রবিবার ছাত্রদলের শতাধিক বিক্ষুব্ধ কর্মী সকাল ১১টায় একটি মৌনমিছিল সহকারে ভিসি ভবনে যায়। এ সময় ভিসির কার্যালয়ে একটি ডিপার্টমেন্টে শিক্ষক নিয়োগের মনোনয়ন চলছিল। প্রত্যক্ষদর্শীরা জানায়, বিক্ষুব্ধ ছাত্রদল কর্মীরা প্রশাসনিক ভবনের তৃতীয় তলায় সরাসরি ভিসির দপ্তরে চলে যায়। এ অবস্থায় ভিসি বিব্রত বোধ করেন এবং তিনি ছাত্রদল কর্মীদের অতিথি কক্ষে অপেক্ষা করতে বলেন। কিন্তু ছাত্রদল কর্মীরা ভিসি কক্ষের কার্পেটে বসে পড়ে এবং তাদের অনুষ্ঠানের অনুমতি প্রার্থনা করে। ভিসি প্রফেসর মান্নান এতে অসম্মতি প্রকাশ করলে ছাত্রদল কর্মীরা তার কক্ষেই শ্লোগান তোলে। এতে ভিসি ও ছাত্রদল নেতাদের মধ্যে উত্তপ্ত বাক্য বিনিময় হয়। খবর পেয়ে প্রক্টোরিয়াল বডি ও পুলিশ কর্মকর্তাগণ ঘটনাস্থলে পৌঁছেন। ছাত্রদল নেতারা জানায়, এ সময় ভিসি ২ মিনিটের মধ্যে ছাত্রদল কর্মীদের তার কক্ষ হতে বেরিয়ে যাওয়ার নির্দেশ দেন এবং অন্যথায় পুলিশ দিয়ে বের করা হবে বলে হুমকি দেন। প্রায় ১০ মিনিট পর ছাত্রদল কর্মীরা ভিসি কক্ষ থেকে বেরিয়ে ভিসি অফিস ও অতিথি কক্ষে কার্পেটে বসে পড়ে। এই অবস্থায় প্রায় ২টা পর্যন্ত অবস্থানের পর ছাত্রদল বিক্ষোভ মিছিলসহকারে ভিসি ভবন ত্যাগ করে। শতাধিক নেতা-কর্মীর মিছিলটি প্রশাসনিক ভবন থেকে কলাভবন চত্বর হয়ে চাকসু চত্বরে গিয়ে শেষ হয়। সেখানে অনুষ্ঠিত এক সমাবেশে সভাপতিত্ব করেন মোঃ সেলিম। বক্তব্য রাখেন জাফরুল ইসলাম, সুজাউদ্দিন, শফিকুজ্জামান শহীদ, সাইফুর রহমান শপথ, মোমিনুল ইসলাম, সোহরাব হোসেন সোহেল, ফেরদৌস মোরশেদ, বুলবুল প্রমুখ। নেতৃবৃন্দ বলেন, ছাত্রদলের সম্মেলন বানচালের জন্য সুপরিকল্পিতভাবে ক্যাম্পাসে সভা-সমাবেশ নিষিদ্ধ করা হয়েছে। নেতৃবৃন্দ যে কোন মূল্যে ১৩ অক্টোবর সম্মেলন সফল করার সংকল্প ব্যক্ত করেন।

এদিকে শনিবার রাতে বিশ্ববিদ্যালয়ের প্রীতিলতা হল ও শামসুন্নাহার (নুতন) হলে ছাত্রলীগ কর্মীরা বিক্ষোভ প্রদর্শন করেছে বলে জানা গেছে। তবে, গতকাল বিশ্ববিদ্যালয়ের প্রোক্টর ডঃ গাজী সালেহ উদ্দিন এ ঘটনা অবহিত নন বলে জানান।